# নতুন Scotland নির্মাণ: স্বাধীন Scotland-এর সংস্কৃতি

BUILDING A NEW SCOTLAND

## সারাংশ

## সংস্কৃতির যুগান্তকারী শক্তি

Scotland এমন দেশ যার সাংস্কৃতিক বৈভব সুস্পষ্ট, বিশ্বব্যাপী সংযুক্ত এবং আন্তর্জাতিকভাবে স্বীকৃত। আমাদের সঙ্গীত, প্রাকৃতিক দৃশ্য, উৎসব, লেখক, অভিনেতা, নকশা, ঐতিহাসিক ব্যক্তিত্ব এবং ল্যান্ডমার্ক সব কিছুরই আন্তর্জাতিক কদর রয়েছে। Scotland-এর সংস্কৃতি অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন, ইতিবাচক নাগরিকত্বকে উৎসাহ দান এবং আমাদের সবচেয়ে বড় সমস্যাগুলি প্রতিফলিত করতে সাহায্য করার কেন্দ্রবিন্দু।

স্কটিশ সরকার সংস্কৃতিতে সম্পৃক্ত হওয়ার সুযোগ তৈরি এবং এই খাতে যুগান্তরের সম্ভাবনাকে পূর্ণ মাত্রায় বাস্তবায়িত করতে সহায়তা প্রদানের মাধ্যমে সংস্কৃতির ক্ষেত্রে তার উপর ন্যস্ত ক্ষমতা ব্যবহার করেছে। এতে সাংস্কৃতিক কর্মকাণ্ডে শিশু ও তরুণদের জড়িত করা, সাংস্কৃতিক কৌশলের মাধ্যমে উদ্ভাবনী কর্মসূচি প্রবর্তন, যেমন ক্রিয়েটিভ কমিউনিটিজ, আর্টস অ্যালাইভ এবং কালচার কালেক্টিভ প্রোগ্রাম অন্তর্ভুক্ত করা হয়েছে।

প্রথম মন্ত্রী 2023 সালের অক্টোবরে ঘোষণা করেছিলেন যে 2028/29 অর্থবছরের মধ্যে স্কটিশ সরকার সংস্কৃতি ও শিল্পকলায় বার্ষিক কমপক্ষে £100m বিনিয়োগ করবে। আমরা আগামী অর্থবছরে সংস্কৃতি খাতে £15.8m বাড়িয়ে £196.6m করছি। 2025/2026-এ আমরা সংস্কৃতির জগতে আরো অতিরিক্ত £25m প্রদান করার লক্ষ্য রেখেছি। বাজেটে টান থাকা সত্ত্বেও অতিরিক্ত অর্থের প্রতি এই প্রতিশ্রুতি স্কটিশ সংস্কৃতির জগতের উপর আমাদের ভরসার ইঙ্গিতবহ। এই বর্ধিত বিনিয়োগের মাধ্যমে আমরা সৃজনশীলতায় অংশগ্রহণের সুযোগ বাড়াতে চাই, নতুন কর্মোৎপাদনে সহায়তা করতে চাই এবং নিশ্চিত করতে চাই যে স্কটল্যান্ডের সংস্কৃতি যেন দেশে-বিদেশে
প্রতিভাত হয়।

ক্ষমতা হস্তান্তরের ফলে যে সমস্ত অগ্রগতি হয়েছে তার উপর ভিত্তি করে স্বাধীনতা স্থাপিত হবে, সংস্কৃতির সাথে নিবিড় সম্পর্ক গড়তে নতুন সুযোগ তৈরি করবে।

## সম্প্রচার

সম্প্রচার বলতে টেলিভিশন এবং রেডিও পরিষেবা বোঝায়, যা Scotland-এর শ্রোতাদের কাছে অত্যন্ত মূল্যবান। আমাদের সরকারি সম্প্রচারকারীদের নিরপেক্ষ ও বিশ্বস্ত সংবাদ তথা উচ্চমানের স্বতন্ত্র অনুষ্ঠান পরিবেশনের সুদীর্ঘ আর সম্মানীয় ঐতিহ্য রয়েছে।

স্বাধীনতা পাওয়ার পরেই, স্কটিশ সরকার নতুন স্কটিশ সরকারি সম্প্রচারকারী প্রতিষ্ঠা করবে, যা TV, রেডিও এবং অনলাইন পরিষেবা প্রদান করবে। নতুন সম্প্রচারকারীর জন্য সুযোগ, ছাড়, পরিচালনা এবং অর্থায়নের মডেল স্কটিশ শ্রোতা এবং ইন্ডাস্ট্রির সঙ্গে অন্বেষণ করা হবে, যাতে জনসাধারণকে এমন একটি স্বাধীন, জবাবদিহিমূলক,দীর্ঘস্থায়ী সম্প্রচারকারী দেওয়া যায় যা হবে স্কটিশদের জীবনের সাথে গভীরভাবে জড়িয়ে থাকবে ।

এই নতুন স্কটিশ সরকারি সম্প্রচারকারী আমাদের পরিচিত এবং পছন্দের অনুষ্ঠানগুলি অবিরতভাবে চালিয়ে যেতে সারা UK-এ এবং আন্তর্জাতিকভাবে অন্যান্য মাধ্যমের সাথে কাজ করবে। নতুন এই সম্প্রচারকারী, স্কটিশ শ্রোতাদের নির্দিষ্ট চাহিদা ও আগ্রহকে আরও সুনিপুণভাবে প্রতিফলিত করবে এবং অগ্রাধিকার দেবে, যার মধ্যে রয়েছে স্থানীয় এবং জাতীয় স্কটিশ সংবাদের উপর মনোনিবেশ, সেই সাথে বর্তমান এবং বৈশ্বিক বিষয়ে স্কটিশ দৃষ্টিভঙ্গিও প্রদান করবে।

এভাবে Scotland-এ বৃহত্তর সৃজনশীলতা দেখা দেবে, ফলে Scotland-এ বসবাস এবং কাজ করেন এমন সৃজনশীল পেশাদারদের সাথে বসে প্রোগ্রামিং এবং বাজেটের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

## ইউরোপীয় ইউনিয়নে Scotland

ইউরোপীয় ইউনিয়ন থেকে UK-র বেরিয়ে যাওয়া আমাদের সংস্কৃতি এবং সৃজনশীল ক্ষেত্রের জন্য গভীর, নেতিবাচক পরিণতি বয়ে এনেছে। বিশেষত, অবাধ চলাচলের সুযোগ না থাকায় সেই সকল শিল্পীদের ভ্রমণের উপর বিরাট প্রভাব পড়েছে, যারা কোনো মুখ্য রপ্তানিযোগ্য বাজারে নতুন শ্রোতাদের কাছে পৌঁছানো এবং আয় করা ক্রমশ কঠিন হয়েছে বলে মনে করছেন।

ইউরোপীয় ইউনিয়নের সদস্য হিসাবে স্বাধীন Scotland প্রতিবেশীদের সাথে সাংস্কৃতিক আদানপ্রদান এবং সহযোগিতার ক্ষেত্রে বর্তমান বাধা দূর করবে। চলাফেরার স্বাধীনতা EU থেকে শিল্পী এবং সৃজনশীল পেশাদারদের আরও সহজে Scotland-এ আসতে এবং স্কটিশ শিল্পীদের EU-তে যাতায়াত করতে দেবে।

স্বাধীন Scotland এছাড়াও সংস্কৃতির নীতি সংক্রান্ত উদ্যোগ যেমন ক্রিয়েটিভ ইউরোপ প্রোগ্রাম, সংস্কৃতি এবং অডিওভিজুয়াল শিল্প সমর্থন করার জন্য ইউরোপীয় কমিশনের ফ্ল্যাগশিপ প্রোগ্রামের মতো কর্মসূচীতে উৎসাহিত হয়ে অংশ নেবে।

## বিশ্বমঞ্চে Scotland

স্বাধীনতা বিশ্বমঞ্চে স্কটিশ সংস্কৃতি প্রচারের সুযোগও প্রদান করবে। নানা কৌশলগত জায়গায়, স্বাধীন Scotland বিশ্বব্যাপী স্কটিশ সংস্কৃতির প্রচারের জন্য তার দূতাবাসের নেটওয়ার্ক ব্যবহার করবে। এটি বর্তমান 'Scotland হাউস' মডেলের উপর ভিত্তি করেই হবে, যা আন্তর্জাতিক অংশীদারদের সাথে সংযোগ বৃদ্ধি করে।

Scotland-এর সাংস্কৃতিক ক্ষেত্র আন্তর্জাতিকতাবাদের সমর্থনকারী ও বর্হিমুখী এবং এই ক্ষেত্রে অবিরত উদ্ভাবনের জন্য সাংস্কৃতিক আদানপ্রদান ও সহযোগিতা আবশ্যক। স্বাধীনতা পেলে, এই সরকার একটি মাইগ্রেশন সিস্টেমের মাধ্যমে Scotland-এর সংস্কৃতি আরও মজবুত করবে, যা সংশ্লিষ্ট ক্ষেত্রের বর্ধমান চাহিদা ও Scotland-এর সৃজনশীল শিল্পগুলিকে উপযুক্ত সমর্থনের জন্য যথেষ্ট নমনীয় এবং যত্নশীল থাকবে।

স্বাধীনতা Scotland-কে কাউন্সিল অফ ইউরোপ এবং UNESCO-এর মতো বহুপাক্ষিক প্রতিষ্ঠানের সদস্য হতে দেবে। আর সদস্য হিসাবে, Scotland আমাদের সংস্কৃতি এবং সাংস্কৃতিক ঐতিহ্যকে লালন ও রক্ষা করার জন্য বর্তমান সংস্থাদির সম্পূর্ণ সুযোগ গ্রহণের পাশাপাশি, এইসব সংস্থা কীভাবে তাদের সাংস্কৃতিক নীতি ঠিক করে তা প্রভাবিত করার ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

## Scotland-এর সৃজনশীল অর্থনীতি

Scotland-এর সৃজনশীল ক্ষেত্র বৃহত্তর অর্থনীতিতে মূল্যবান অবদান রাখে, তাছাড়া পর্যটন এবং আতিথেয়তার মতো অন্যান্য ক্ষেত্রকেও এগিয়ে নিয়ে যায়। সৃজনশীল শিল্প যেমন সঙ্গীত, ভিডিও গেম এবং স্ক্রীন সেক্টর গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ভূমিকা পালন করে, এছাড়া Scotland-এর আন্তর্জাতিক খ্যাতিতেও অবদান রাখে।

আমাদের সংস্কৃতি এবং সৃজনশীল ক্ষেত্রের বিকাশ ও উন্নতি করতে সরকার এবং নানা সরকারি সংস্থা সহায়তা প্রদান করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, বিশেষত যেহেতু এই ক্ষেত্রটি COVID-19 মহামারীর প্রভাব থেকে ধীরে ধীরে মুক্ত হচ্ছে। স্বাধীনতা স্কটিশ সরকার এবং সংসদকে কীভাবে সংস্কৃতির ক্ষেত্রে অর্থায়ন এবং বাস্তবায়ন করা যায় সে সম্পর্কে গুরুত্বপূর্ণ আর্থিক সিদ্ধান্ত নেওয়ার প্রয়োজনীয় ক্ষমতা দেবে - ক্ষমতাগুলি বর্তমানে UK সরকারের কাছে সংরক্ষিত।

এর মধ্যে ট্যাক্স ছাড় এবং ট্যাক্সেশন, ধার নেওয়া এবং খরচের উপর বৃহত্তর ক্ষমতা অন্তর্ভুক্ত থাকতে পারে। Scotland-এর সৃজনশীল ক্ষেত্রে যে প্রয়োজনীয় সমর্থন এবং স্থিতিশীলতা রয়েছে তা নিশ্চিত করতে এই ধরনের পদক্ষেপ ভূমিকা রাখতে পারে।

## উপসংহার

স্বাধীন দেশের ক্ষমতা এবং আন্তর্জাতিক প্রভাবের ফলে, Scotland তার সংস্কৃতি সংক্রান্ত শিল্পের উন্নতি করতে পারবে, Scotland এবং বিদেশের মানুষ আমাদের সংস্কৃতির অঙ্গ হয়ে উঠতে পারবেন।

এই স্বাধীনতা EU-তে Scotland-এর আন্তর্জাতিকভাবে জড়িত থাকার সুযোগ বাড়িয়ে দেবে, সাংস্কৃতিক আদানপ্রদান এবং সহযোগিতার ক্ষেত্রে সহায়তা করবে যা সাংস্কৃতিক উদ্ভাবনের ভিত।

আমাদের সৃজনশীল শিল্পসমূহ ইতিমধ্যেই আমাদের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে, স্বাধীনতার পরে এগুলি আরো সমৃদ্ধশালী, সুন্দর এবং আরও অন্তর্ভুক্তিমূলক Scotland তৈরিতে বেশি শক্তিশালী ভূমিকা পালন করতে পারবে।

© The Scottish Government 2024

স্কটিশ সরকার জানুয়ারি, 2024-এ প্রকাশ করেছে

এটি স্কটিশ সরকারের জন্য প্রস্তুত করেছে APS Group Scotland, 21 Tennant Street,
Edinburgh EH6 5NA    PPDAS1403674 (01/24)